

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী  
**বেসরকার বিশ্ববিদ্যালয় একটি সম্ভাবনাময় খাত**

ঢাকা, ১৩ ডিসেম্বর ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিরাট সম্ভাবনাময় একটি খাত। এ বিশ্ববিদ্যালয়গুলো বাংলাদেশে উচ্চ শিক্ষায় নতুন মাত্রা যোগ করেছে। এর মধ্যে প্রেক্ষাপটের পরিবর্তন, বিকল্প মাধ্যমের উদ্ভাবন, বিশ্বায়নের প্রতিফলন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার, প্রাসঙ্গিকতা নিশ্চিতকরণ, প্রচলিত শিক্ষা কার্যক্রমের সংস্কার ও নতুন কার্যক্রমের সূচনা ইত্যাদি অন্যতম। বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়সমূহে সেশনজট নিরসনপূর্বক দেশের অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতিতে অবদান রাখছে।

শিক্ষামন্ত্রী আজ সাভারের খাগানে অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আবাসিক ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ১২তম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে কোন পার্থক্য করি না। তারা সকলেই আমাদের সন্তান এবং জাতির ভবিষ্যৎ। তাদের সকলের জন্যই আমরা মানসম্মত শিক্ষা এবং সুযোগ নিশ্চিত করতে চাই।

তিনি বলেন, শিক্ষার গুণগত মান বৃদ্ধি করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য, যা অর্জনে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ভূমিকা প্রশংসনীয়। দেশে মানসম্মত শিক্ষার জন্য যেসকল প্রতিষ্ঠান অঞ্চলী ভূমিকা পালন করছে তাদের মধ্যে অন্যতম হচ্ছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে যারা ভাল কাজ করছেন, দেশের জন্য কাজ করছেন, তারা অবশ্যই অনুকরণীয় হবেন এবং সরকার সব ধরনের সহযোগিতা দিয়ে যাবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মাল্লান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদ এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৈয়দ সাদ আন্দালিব বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তা ছিলেন দৃক পিকচার লাইব্রেরী লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ড. শহিদুল আলম।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী কৃতি শিক্ষার্থীদের মাঝে পদক বিতরণ করেন।